

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬১১

আগরতলা, ১৮ জানুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা

পশ্চিম ত্রিপুরা জেলায় মৎস্যচাষে সহায়তা

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলায় ৪,৪৯৫ জন মৎস্যজীবিকে মৎস্য চাষে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগী মৎস্যজীবীদের ৫০০টি করে মিশ্র মাছের পোনা ও মৎস্যচাষে সহায়কসামগ্রী দেওয়া হয়। এজন্য ব্যয় হয়েছে ৬ লক্ষ ৭২ হাজার ৭০০ টাকা। তাছাড়াও সুবিধাভোগী মৎস্যজীবীদের বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মৎস্যচাষে প্রশিক্ষণও দেওয়া হয়। তাছাড়াও মৎস্য দপ্তরের রাজ্য পরিকল্পনায় জেলার ৩৬ জন মৎস্যচাষিকে পাবদা ও মাগুর মাছ চাষে সহায়তা দেওয়া হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ১ লক্ষ ১১ হাজার টাকা। পশ্চিম ত্রিপুরা জেলা মৎস্য কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*